59

তারিখ 25 FEB 1996
পৃষ্ঠা ৫ কলাম ২

দৈনিক সংবাদ

## কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ

# ছাত্রদের আন্দোলনের মুখে অনার্স কোর্সে ভর্তি পরীক্ষা স্থগিত

কুমিল্লা, ২৪শে ফেব্রুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।– অনার্স শ্রেণীতে আসন সংখ্যা বৃদ্ধি ও ভর্তির ক্ষেত্রে মৌখিক পরীক্ষা চালুর দাবিতে ছাত্রদের আন্দোলনের মুখে কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজে অনার্স কোর্সে ভর্তি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে।

এই দাবিতে ছাত্ররা কলেজটির ডিগ্রি শাখায় সভা–সমাবেশ ও মিছিল এবং অধ্যক্ষের অফিস ভাঙচুর করে। সর্বদলীয় ছাত্র ঐক্য সমাবেশ করে এই দাবির প্রতি সমর্থন জানায়। পরে ছাত্র প্রতিনিধিদের সাথে উপাধ্যক্ষের আলোচনা হয় এবং ভর্তি স্থগিত রাখা হয়।

ভিক্টোরিয়া কলেজে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাব বিজ্ঞান, রসায়ন, পদার্থ বিজ্ঞান ও ব্যবস্থাপনা এই ৭টি বিষয়ে অনার্স কোর্সে আসন সংখ্যা ৩৭০টি। এবার ৩৭০টি আসনে ভর্তির জন্য সাড়ে ১২ হাজার আবেদনপত্র জমা পড়ে। গড়ে প্রতি আসনের জন্য ৩৪ জন আবেদন করে। ভিক্টোরিয়া কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের দাবিঃ আসন সংখ্যা বাড়াতে হবে অথবা ভর্তির ক্ষেত্রে মৌখিক পরীক্ষা নিতে হবে এবং এই কলেজ থেকে এইচএসসি উত্তীর্ণদের জন্য ১০ শতাংশ আসন সংরক্ষিত রাখতে হবে। এই দাবিতে ছাত্ররা ৭ই ফেব্রুয়ারি থেকে আন্দোলন শুরু করে। আন্দোলন চলে ভর্তির শেষ তারিখ পর্যন্ত। ফলে কোন ছাত্র অনার্স শ্রেণীতে ভর্তি হতে পারেনি।

ছাত্ররা বলেছে, নম্বর ভিত্তিতে ভর্তি পদ্ধতি চালু হওয়ায় অনেক মেধাবী ছাত্র ভর্তি সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে ভিক্টোরিয়া কলেজ থেকে যারা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করেছে তারা এই পদ্ধতির শিকার হচ্ছে। তারা বলেছে, যেসব কেলজে অবাধে নকলের সুযোগ রয়েছে সেসব কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণরা বেশি নম্বর পাওয়ার সুবাদে ভর্তির সুযোগ পাচ্ছে। কিন্তু ভিক্টোরিয়া থেকে নকলবিহীন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণরা স্বাভাবিক– ভাবেই তাদের থেকে কম নম্বর পেয়েছে। ফলে মেধা থাকা সত্ত্বেও তারা ভর্তির সুযোগ পাচ্ছে না।